CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2022/TDC (CBCS)/EVEN/SEM/
BNGHCC–602T (A/B)/023**

**TDC (CBCS) Even Semester Exam., 2022**

# BENGALI

( Honours )

**( 6th Semester )**

Course No. : BNGHCC–602T (A/B)

পূর্ণমান : ৭০
উত্তীর্ণ মান : ২৮

সময় : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

Candidates have to answer *either* from Option—A *or* from Option—B

## OPTION—A

Course No. : BNGHCC–602T (A)

**( সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা )**

### SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। এরিস্টটলের গুরুর নাম কী? তিনি কোন্ দেশের লোক ছিলেন?

২। এরিস্টটল 'অনুকরণ' বলতে কী বুঝিয়েছেন, 'পোয়েটিকস্' অনুসরণে বুঝিয়ে দাও।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩। এরিস্টটল তাঁর আলোচনায় উল্লেখ করেছেন এমন দুজন গ্রিক নাট্যকারের নাম লেখো।

৪। এরিস্টটল প্রদত্ত ট্র্যাজেডির সংজ্ঞাটি লেখো।

৫। রোম্যান্টিসিজম-এর দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৬। *Lyrical Ballads* কাব্যসংকলনের দুজন কবির নাম লেখো।

৭। ক্লাসিসিজম-এর দুটি বৈশিষ্ট্য লেখো।

৮। ক্ল্যাসিসিজম-এর সঙ্গে যুক্ত দুজন সাহিত্যকার অথবা তাত্ত্বিকের নাম লেখো।

৯। *A Room of One's Own* গ্রন্থটি কার লেখা? তিনি কোন্ দেশের সাহিত্যিক?

১০। নারীচেতনাবাদ-এর দুটি তরঙ্গের উল্লেখ করো।

১১। আধুনিকতাবাদ-এর দুটি বৈশিষ্ট্য লেখো।

১২। আধুনিকতাবাদী দুজন তাত্ত্বিকের নাম লেখো।

১৩। রামমোহন রায়কে রবীন্দ্রনাথ কেন 'আমাদের বর্তমান বঙ্গদেশের নির্মাণকর্তা' বলেছেন, সংক্ষেপে লেখো।

১৪। "আর সকলে জনতার অংশ, কেবল তিনি যেন একাকী একজন।" কে, কার সম্পর্কে এই কথাটি লিখেছেন?

১৫। বিহারীলাল রচিত দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।





## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

১৬। ট্র্যাজেডির সংজ্ঞাটি বিশ্লেষণ-এর সূত্রে ট্র্যাজেডির শিল্পরূপের পরিচয় দাও।

১৭। ট্র্যাজেডিতে কাহিনির গুরুত্ব বিষয়ে বিশদ আলোচনা করো।

১৮। ক্লাসিসিজম-এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

১৯। বাংলা কবিতা থেকে দৃষ্টান্ত দিয়ে রোম্যান্টিসিজমের লক্ষণগুলি বুঝিয়ে দাও।

২০। "নারীচেতনাবাদ এক নয়, অনেক।" মন্তব্যটি পর্যালোচনা করো।

২১। আধুনিকতাবাদের বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো।

২২। রবীন্দ্রনাথের অনুসরণে বাংলা সাহিত্যে বঙ্কিমচন্দ্রের অবদান সম্পর্কে সংক্ষেপে লেখো।

২৩। "রাজসিংহ প্রথম হইতে উল্টাইয়া গেলে এই কথাটি বারংবার মনে হয় যে, কোনো ঘটনা কোনো পরিচ্ছেদ কোথাও বসিয়া কালক্ষেপ করিতেছে না। সকলেই অবিশ্রান্ত চলিয়াছে।" রবীন্দ্রনাথের প্রবন্ধ অনুসরণে মন্তব্যটি ব্যাখ্যা করো।

২৪। বুদ্ধদেব বসু মাইকেল-প্রতিভার যে মূল্যায়ন করেছেন তার মূল কথাগুলি সংক্ষেপে লেখো।

২৫। যতীন্দ্রনাথ সেনগুপ্ত, সত্যেন্দ্রনাথ দত্ত এবং নজরুল ইসলাম রবীন্দ্র-পরবর্তী কবিতায় কীভাবে নতুন সুর নিয়ে এসেছিলেন, 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধ অনুসরণে আলোচনা করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



OPTION—B

Course No. : BNGHCC–602T (B)

( পূর্বোত্তর ভারতের বাংলা সাহিত্য )

SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। 'ঈশানের পুঞ্জমেঘ' কাব্যসংকলনটি কাদের স্মৃতিতে উৎসর্গ করা হয়েছে? গ্রন্থটি প্রথম কবে প্রকাশিত হয়েছিল?

২। "অশ্ববাহন, অশ্ববাহন
হাত বাড়ালে কেবল দাহন"

এই পংক্তিগুলি কোন্ কবিতার অন্তর্গত? 'অশ্ববাহন' শব্দটির প্রতীকী অর্থ লেখো।

৩। কবি অনুরূপা বিশ্বাসের জন্মসাল কত? তাঁর একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৪। কবি পরমানন্দ সরস্বতী শ্রীহট্টে যে সাহিত্য প্রতিষ্ঠান গড়ে তুলেছিলেন তার নাম কী? তাঁর পাঠ্য কবিতাটির নাম লেখো।

৫। ঔপন্যাসিক বিমল সিংহ কোথায় জন্মগ্রহণ করেছিলেন? 'লংতরাই' উপন্যাসে বর্ণিত রিয়াং আদিবাসীরা কোথায় বসবাস করেন?

৬। 'গাইরিঙ' কী? রিয়াং সমাজের বিশ্বাসমতে ভবিষ্যতের কথা বলে দিতে পারা পাখির নাম কী?





৭। 'কৌসুমবা ওয়াখাকাইব' অনুষ্ঠান কী? এটি কখন অনুষ্ঠিত হয়?

৮। 'বরাকের গল্পসংগ্রহ' (প্রথম খণ্ড) গ্রন্থে অতুলরঞ্জন দেব রচিত গল্পের নাম কী? তিনি কোন্ সাময়িকী সম্পাদনার সঙ্গে যুক্ত ছিলেন?

৯। বদরুজ্জামান চৌধুরীর 'মানুষ' গল্পের প্রকাশকাল কত? গল্পে বর্ণনামতে শকুনের পালকের আশ্চর্য শক্তি কী ছিল?

১০। শ্যামলেন্দু চক্রবর্তীর লেখা একটি গল্পগ্রন্থের নাম লেখো। তাঁর সম্পাদিত গল্পপত্রের নাম কী?

১১। ধনঞ্জয় চৌধুরী কে? তাঁর ব্যবসায়িক প্রতিষ্ঠানের নাম কী?

১২। "দুঃখ দরিয়ার মাঝি" গানটি কে, কার কাছে শিখেছিল?

১৩। "এ মশাই, আপনি তো দারুণ লোক! জ্যোতিষ নাকি?" গুণধরকে এই কথা কে বলেছিল? জ্যোতিষ কী?

১৪। সুজিৎ চৌধুরী কত সালে, কোথায় জন্মগ্রহণ করেছিলেন?

১৫। সিলেটে জাতীয়তাবাদী চিন্তাভাবনার মুখপত্র হিসেবে কোন্ পত্রিকাকে গণ্য করা হতো? এই পত্রিকার সম্পাদক কে ছিলেন?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

১৬। "কবি শক্তিপদ ব্রহ্মচারীর কাব্যভুবনে এক উদাসী বাউল আনমনে গান গেয়ে ওঠে।" এই মন্তব্যের আলোকে কবি শক্তিপদ ব্রহ্মচারীর 'যখন ব্যক্তিগত কারণে চিন্তাগ্রস্ত' কবিতাটি আলোচনা করো।

১৭। "আমার কবিতার উৎস আমার পরিব্যাপ্ত ভালোবাসা।" কবি অনুরূপা বিশ্বাসের 'তৃষ্ণার ভৃঙ্গার' কবিতাটির শিল্পসৌকর্য বিশ্লেষণ করো।

১৮। 'লংতরাই' উপন্যাসে রিয়াং আদিবাসী জনজাতির সামাজিক জীবন-রীতিনীতি-বিশ্বাসের যে বর্ণনা ফুটে উঠেছে তাঁর আলোচনা করো।

১৯। " 'লংতরাই' রিয়াং জনজাতির অস্তিত্ব-সংকট থেকে মুক্তিলাভের জন্য নবতর জীবনযাত্রায় উত্তরণের উপন্যাস।" এই মন্তব্যের আলোকে 'লংতরাই' উপন্যাসটি আলোচনা করো।

২০। 'মুলতবি' গল্পের শিল্পরস সৃষ্টির কৌশল আলোচনা করো।

২১। 'ইত্বরবানু এবং মাসমিডিয়া' গল্পে ইত্বরবানু চরিত্রে নারীজীবনের যে বাস্তব আখ্যান স্পষ্ট হয়ে উঠেছে তা নিজের ভাষায় লিপিবদ্ধ করো।

২২। 'গুণধরের অসুখ' নাটকে গুণধর চরিত্রটি বিশ্লেষণ করো।





২৩। 'গুণধরের অসুখ' নাটকের মূলভাবনা বিশ্লেষণ করে এর মৌলিকতা বিচার করো।

২৪। 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থানুসারে সুজিৎ চৌধুরীর বাল্যজীবন বর্ণনা করো।

২৫। "প্রখ্যাত লেখক সুজিৎ চৌধুরী 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থে সিলেটের গ্রামীণ সমাজচিত্র চমৎকারভাবে ফুটিয়ে তুলেছেন।" উক্তিটির আলোকে 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থে বর্ণিত সিলেটের গ্রামীণ সমাজচিত্রের যে চিত্র পরিস্ফুট হয়েছে তার পরিচয় দাও।

★★★